গাংনীতে মাদকাসক্ত জামাইয়ের ছুরিকাঘাতে চাচা শ্বশুর খুন

মেহেরপুররের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে মাদকাসক্ত জামাই সবুজের ছুরিকাঘাতে চাচা শ্বশুর ইলিয়াস হোসেন (৪৫) খুন হয়েছেন।

আজ বৃহস্পতিবার ভোরে গাড়াবাড়িয়া গ্রামের স্কুল পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত ইলিয়াস হোসেন গাড়াবাড়িয়া স্কুল পাড়ার মৃত নেককার আলীর ছেলে। জামাই সবুজের বাড়ি একই উপজেলার ষোলটাকা গ্রামে। মরদেহ বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

ঘটনার পর স্থানীয়রা ঘাতক সবুজকে আটক করে রেখেছে। খবর পেয়ে সেনাবাহিনীর একটি টিম, গাংনী থানা ও স্থানীয় পুলিশ ক্যাম্পের সদস্যরা পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে অবস্থান করছেন।

স্থানীয়রা জানান, মাদকাসক্ত সবুজ ভোরের দিকে তার শশুর বাশারের বাড়িতে গিয়ে স্ত্রীকে মারধর করছিলেন। এসময় চাচা শশুর ইলিয়াছ হোসেন তাকে নিষেধ করে। এতে ক্ষিপ্ত হয়ে ঘাতক সবুজ আহম্মেদ ইলিয়াছ হোসেনের পেটে ছুরিকাঘাত করে। গুরুতর অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পথে মারা যায় সে। এদিকে ঘাতককে আটকিয়ে নিজেরা বিচারের দাবি জানিয়েছেন নিহতের পরিবারের বিক্ষুব্ধ লোকজন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল এ্ই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে। তার মরদেহ মেহেরপুর মর্গে রয়েছে এবং ঘাতককে স্থানীয়দের কাছে থেকে উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। জিজ্ঞাসাবাদ শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার খাতায় অনিয়ম পেয়েছে দুদক

মেহেরপুর বিআরটিএ অফিসে দালালের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স ও ফিটনেসের জন্য ঘুষ গ্রহণের অভিযোগে অভিযান পরিচালনা করে দুদকের একটি টিম।

বুধবার দুপুরে দুদকের কুষ্টিয়া সমন্বিত কাযার্লয়ের সহকারী পরিচালক বুলবুল আহমেদের নেতৃত্বে একটি টিম প্রথমে ছদ্মবেশে এবং পরে দাপ্তরিকভাবে অভিযান পরিচালনা করেন।

অভিযান শেষে সহকারী পরিচালক বুলবুল আহমেদ বলেন, ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার খাতাপত্রে কিছু অনিয়ম পাওয়া গেছে, তবে অন্যান্য অভিযোগের কোন প্রমান পাওয়া যায়নি।

তিনি জানান, অভিযোগ ছিল যে, দালাল চক্রের মাধ্যমে অতিরিক্ত টাকার বিনিময়ে লাইসেন্স প্রদান করা হয়। এই অভিযানের প্রেক্ষিতে অভিযানের আধা ঘণ্টা আগে আমরা ছদ্মবেশে মেহেরপুর বিআরটিএ অফিস পযার্লোচনা করি। তবে আজ দালালের কোনো উপস্থিতি পাওয়া যায়নি। ফিঙ্গার প্রিন্ট নেওয়ার সময় অতিরিক্ত টাকা আদায় করা হয়। আমরা সেবা গ্রহীতাদের জিজ্ঞাসা করেছি, কিন্তু তারা এমন কোনো হয়রানির কথা জানাননি। এছাড়া, সেবা গ্রহণে হয়রানি বা অতিরিক্ত টাকা নেওয়ার অভিযোগেরও সুস্পষ্ট প্রমাণ পাইনি।

তিনি আরো বলেন, তবে পরীক্ষায় পাস-ফেল নিয়ে অনিয়মের অভিযোগ সম্পর্কে আমরা বিগত কয়েক মাসের খাতা ও রেজাল্ট শিট পর্যালোচনা করেছি এবং কিছু অনিয়ম পেয়েছি। সেটিও যাতে ভবিষ্যতে না হয় সেজন্য আমরা সতর্ক করেছি।

এসময় দুদকের উপ-সহকারী পরিচালক সাইদুর রহমান, বিআরটিএ এর পরিদর্শক জিয়াউর রহমান উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা যুবদলের প্রস্তুতি সভা

আগামী ১৬ মে “শিক্ষা, স্বাস্থ্য ও মৌলিক অধিকার বিষয়ে তারুণ্যের ভাবনা” শীর্ষক সেমিনার এবং ১৭ মে “তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সমাবেশ” সফল করতে প্রস্তুতি সভা করেছে মেহেরপুর জেলা যুবদল।

বুধবার দুপুরে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদক বিল্লাল হোসেন তারেক।

এ সময় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফিরোজ আব্দুল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, মোশারফ হোসেন তপু, এস. এ. খান শিল্টু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম আহ্বায়ক সাইদুল ইসলামসহ জেলা যুবদলের সকল ইউনিটের নেতাকর্মীরা।

সভাটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

গাংনীতে দাঁড়িয়ে থাকা ট্রাকে মাইক্রোবাসের ধাক্কা, নিহত ৩

মেহেরপুর-কুস্টিয়া সড়কের শুকুরকান্দি নামক স্থানে দাঁড়িয়ে থাকা ট্রাকের পেছনে মাইক্রোবাসের ধাক্কায় চালকসহ তিনজন নিহত হয়েছেন। আহত হয়েছে মাইক্রোবাসের অপর তিন যাত্রী।

নিহতরা হলেন, মাইক্রোবাসের চালক গাংনী উপজেলার পশ্চিমমালশাদহ

গ্রামের মোজাম্মেল হকের ছেলে জামাল উদ্দিন (৫৫), গাঁড়াডোব গ্রামের গোলাম কিবরিয়ার ছেলে শাহিনুজ্জামান (৪৫) ও সদর উপজেলার নজরুল ইসলামের স্ত্রী আক্তার বানু (৪৫)। আহত হয়েছেন গোলাপি খাতুন, ফজিলা খাতুন ও আলফাতুন নেছা নামের আরো তিন নারী।

মঙ্গলবার দিবাগত রাত ১২ টার দিকে মেহেরপুর-কুস্টিয়া সড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি গ্রামের কাছে একটি দাঁড়িয়ে থাকা ট্রাকের সাথে ধাক্কা লেগে মাইক্রোবাসে থাকা সবাই আহত হন। পরে তাদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় আক্তার বানু মারা যান। পরে চিকিৎসাধীন অবস্থায় ভোররাতের দিকে চালক জামাল উদ্দিন ও শাহিন মারা যান।

গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান, গাঁড়াডোব ও শ্যামপুরের ওই হতাহতরা মাইক্রোবাসে করে চিকিৎসার জন্য রাত ১২ টার দিকে কুষ্টিয়া যাচ্ছিলেন। গাংনী উপজেলার শুকুরকান্দি নামক ওই স্থানে একটি দাঁড়িয়ে থাকা ট্রাককে পেছন থেকে ধাক্কা দেয় মাইক্রোবাস। এতে এই হতাহতের ঘটনা ঘটে।

তিনি আরও জানান, চালক জামাল উদ্দিন মাইক্রোবসটির মালিক। নিহতদের মরদেহ কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে রয়েছে বলে জানান ওসি বানী ইসরাইল।

পিরোজপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকাল পাঁচটার সময় সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে বলিয়ারপুর হাট প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

কর্মী সম্মেলনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতুর সভাপতিত্বে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ

কর্মী সম্মেলনে সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান বিট্টুর সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন ।

এছাড়া আরোও উপস্থিত ছিলেন সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, বিএনপি নেতা সৌরভ হোসেন, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট মাহমুদুল হাসান মিলন, আমঝুপি ইউপি সদস্য হাফিজুর রহমান হাফিজ, পিরোজপুর ইউনিয়ন বিএনপি নেতা মিন্টু, আবুল খয়ের, সিরাজ মল্লিক, আবুল হোসেন, রাজু মিয়া, মুন্তাজ আলী, সদর উপজেলা ছাত্রদলের যুগ্ন আহবায়ক নাজির আহমেদ সহ পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পিরোজপুর ইউনিয়নের বিএনপি’র কর্মী সম্মেলনে ৮ নং ওয়ার্ডের সভাপতি রাজু মিয়া রাজা, সাধারণ সম্পাদক আবুল হোসেন, ৯নং ওয়ার্ডের সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক ডাবলু নির্বাচিত হন।

মেহেরপুরে গণপূর্ত বিভাগের কর্মচারীদের অবস্থান কর্মসূচি

নবম পে-স্কেল ঘোষণা এবং ৭ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুরে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেছেন গণপূর্ত বিভাগের কর্মচারীরা।

মঙ্গলবার (৬ মে) সকাল ১০টায় বাংলাদেশ সরকারি কর্মচারি দাবি আদায় ঐক্য পরিষদের ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিতে বক্তারা বলেন, “বর্তমান দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রেক্ষাপটে সরকারি কর্মচারীদের জীবনযাত্রা চরমভাবে ব্যাহত হচ্ছে। তাই অবিলম্বে বৈষম্যহীন নবম পে-স্কেল ঘোষণা এবং অন্তর্বর্তীকালীন সময়ের জন্য ৫০ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান জরুরি।”

তারা আরও দাবি জানান, টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল, সচিবালয়ের অনুরূপ পদ-পদবি ও এক ও অভিন্ন নিয়োগবিধি বাস্তবায়ন, এবং রেশনিং ব্যবস্থা চালুর।

বক্তারা বলেন, “দীর্ঘদিন ধরে আমাদের যৌক্তিক দাবি উপেক্ষিত হয়ে আসছে। আমরা চাই, সরকার দ্রুত এসব দাবি মেনে নিক। অন্যথায় আমরা কঠোর কর্মসূচি দিতে বাধ্য হব।”

গাংনীতে পৃথক সড়ক দুর্ঘটনায় দুই ছাত্র নিহত, আহত ২

মেহেরপুরের গাংনী উপজেলায় পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় মাদ্রাসা ছাত্র মুনতাছির জামান (১২) ও কলেজ ছাত্র তারিক হোসেন (২৬) নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন।

মঙ্গলবার দুপুরে গাংনীর তেরাইল ও কামারখালি এলাকায় এ দুর্ঘটনা দুটি ঘটে।

নিহত মাদ্রাসা ছাত্র মুনতাছির জামান গাংনী উপজেলার সিন্দুরকৌটা গ্রামের ইসমাইল হোসেনের ছেলে এবং ছাতিয়ানবাওট হাফিজিয়া মাদ্রাসার ছাত্র। নিহত তারিক হোসেন একই উপজেলার কাজিপুর গ্রামের আলী হোসেনের ছেলে ও কাজিপুর কলেজের ছাত্র।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাতে তিনি জানান, কামারখালি গ্রামের একটি ব্রিজের কাছে ইটবোঝাই লাটাহাম্বারের ধাক্কায় গুরুতর আহত হন মুনতাছির জামান। তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

অপরদিকে, বেলা আড়াইটার দিকে গাংনীর তেরাইল এলাকায় মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মুখোমুখি দুটি মোটরসাইকেলের সংঘর্ষে কলেজ ছাত্র তারিক হোসেন, সোহাগ হোসেন (২৪) ও পল্লী উন্নয়ন ব্যাংকের গাংনী

শাখার মাঠকর্মী আমজাদ হোসেন (৩৮) আহত হন।

প্রত্যক্ষদর্শীদের বরাতে ওসি জানান, তেরাইল ব্রিজের কাছে বিপরীত দিক থেকে আসা দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তারা আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। পরে তারিক ও সোহাগের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তারিক হোসেন মারা যান।

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা নিয়ে হতাশার সূর কমিটির সদস্যর

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা নিয়ে হতাশা প্রকাশ করেছেন ক্রীড়াবিদ ও জেলা ক্রীয়া সংস্থার অ্যাডহক কমিটির সদস্য এ এস লিটন।

আজ মঙ্গলবার তার ফেসবুক স্ট্যাটাসে তিনি লিখেছেন, ‍“মেহেরপুরে একটি বিশাল সংস্থা রয়েছে! যেটির নাম মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা! মেহেরপুর জেলার সব ধরনের খেলাধুলার নিয়ন্ত্রক এই জেলাক্রিড়া সংস্থাটি! যখন যে সরকার ক্ষমতায় আসে-সেই বলয়ের মানুষগুলি দ্বারাই এটি পরিচালিত হয়।

বিগত দিনে আমরা এমনটিই দেখে এসেছি! জেলা ক্রীড়া সংস্থাটির কার্যক্রম নিয়ে জেলার সাধারণ মানুষের কখনো কোনো মাথাব্যথা দেখেনি! কিছু মানুষের মাথাব্যথা দেখা দিলেও ক্ষমতাবানদের দাপটে চুপ থাকতে বাধ্য হয়েছে! মেহেরপুরের ক্রীড়ঙ্গনের বিভিন্ন মানুষ ও

খেলায়াড় গণ বারবার মুখ খোলার চেষ্টা করেও ব্যর্থ হয়েছে!

একটি বৃহৎ অপশক্তি এটিকে ভোগ দখল করেছে বারবার। ভিতর ও অভ্যন্তরীণ বিষয়গুলো রয়েছিল সব সময় ধোঁয়াশা স্বেচ্ছাচারিতায় ভরপুর।

বর্তমান সময়টা নিরপেক্ষ সরকারের অধীনে চলছে এমনটি আমাদের বাহ্যিক চোখে দৃশ্যমান। আমি জেলা ক্রীড়া সংস্থার অযোগ্য একজন অ্যাডহক কমিটির সাধারণ সদস্য।

এই নিরপেক্ষতাকে কাজে লাগিয়ে ভেবেছিলাম মেহেরপুরে ক্রীড়াঙ্গনকে মন্থর গতি থেকে বের করে নিয়ে আসা যায় কিনা। হয়তো সে আসার গুড়ে বালি হতে চলেছে। সেই আগেকার মতই এখনো কোন এক অদৃশ্য শক্তি দ্বরাই পরিচালিত হচ্ছে এই সংস্থাটি। এই সংস্থাটির মধ্যে কি আছে জানিনা -ভিতরে বাহিরে এটিকে নিয়ে ষড়যন্ত্র চলে সবসময়। এ বছরে এই সংস্থাটির মাধ্যমে প্রথম বিভাগ ক্রিকেট লিগ দিয়ে কার্যক্রম শুরু হওয়ার কথা থাকলেও বিভিন্ন দুর্নীতির অজুহাতে বিলম্বিত ও না হওয়ার উপক্রম হয়ে দাঁড়িয়েছে! এ বিষয়টা নিয়ে আমরা অত্যন্ত -মর্মাহত দুঃখিত-ও ব্যথিত। তবে যে কয়দিন আছি চেষ্টা ও যুদ্ধ অব্যাহত থাকবে- এখনো পুরোপুরি হতাশ নয়!

নিভু নিভু আলো উজ্জ্বলতা ফিরে পায় কিনা আর কয়দিন দেখি। আলো নিভার আগেই সরে আসব ইনশাআল্লাহ।”

মেহেরপুরে ভোক্তার অভিযানে ২৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে দুটি রেস্টুরেন্ট ও এক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর। আজ সোমবার দুপুরে শহরের রেস্টুরেন্টে অভিযান পরিচালনা করে ভোক্তার অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মেহেরপুর শহরের সেভেন সেন্স রেস্টুরেন্টে অনুমোদন বিহীন ফ্লেভার

রাখার দায়ে ৫ হাজার টাকা, শর্মা ফুড প্লাজায় অনিরাপদ খাদ্য সংরক্ষণ ও কুপন প্রতারণার কারনে ১০ হাজার টাকা জরিমানা এবং বিক্রমপুর ট্রেডার্স নামের একটি ব্যবসা প্রতিষ্ঠানে অনিবন্ধিত বিভিন্ন পণ্য বিক্রির দায়ে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনায় নেতৃত্ব দেন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মামুনুল হাসান। এ সময় আরো উপস্থিত ছিলেন নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলামসহ পুলিশের একটি টিম।

অভিযানে প্রতিষ্ঠানগুলোর মালিককে নিরাপদ আবার তৈরীর বিষয়ে আরো সতর্ক হওয়ার পরামর্শ দেওয়া হয়। এছাড়াও বাজার সমিতির নেতৃবৃন্দকে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেয় অভিযান দলটি।

গাংনীর হৃদয় হত্যা মামলায় কমল চেয়ারম্যান কারাগারে

মেহেরপুরের গাংনী উপজেলার চরগোয়াল গ্রামের চাঞ্চল্যকর রিদয় হত্যা মামলার এজাহার নামীয় ১০ নম্বর আসামী ওবায়দুর রহমান কমলকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছে আদালত।

সোমবার (৫ মে) দুপুরে বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন কররলে বিজ্ঞ বিচারক মোঃ জাহিদুর রহমান তাকে জামিন নামঞ্জুর করে জেল হাজতের প্রেরণের নির্দেশ দেন।

ওবায়দুর রহমান কমল বামন্দি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক। তিনি রামনগর গ্রামের বাগু বিশ্বাস এর ছেলে।

আদালত সূত্রে জানা গেছে, মেহেরপুর জেলার গাংনী থানাধীন চরগোয়ালগ্রামে ঈদগাহের গেট ভাঙ্গাকে কেন্দ্র করে বিরোধের সৃষ্টি হয়। সেই বিরোধের সূত্র ধরে চলতি বছরের ফেব্রুয়ারী মাসের

২৬ তারিখ দুপুর ১২ টার দিকে এজাহারনামীয় আসামীগণ রিদয়কে এলোপাতাড়ি পিটিয়ে নৃশংসভাবে হত্যা করে এবং হামলায় একাধিক ব্যক্তি আহত হয়।

হত্যা ও হামলার ঘটনায় নিহতের পিতা শাহাদত হোসেন বাদী হয়ে রামনগর গ্রামের আজাদ আলীর ছেলে জান্নাতকে প্রধান আসামি করে এজাহার নামীয় ১২জন অজ্ঞাত আরো ২০ থেকে ২৫ জনকে আসামি করে গাংনী থানার একটি হত্যা মামলা দায়ের করে। যার নম্বর ২৫, তারিখঃ ২৭/০২/২০২৫ ইং ধারা-১৪৩/৩৪১/৩২৩/৩০৭/৩০২/৪২৭/৫০৬/৩৪ দঃ বিঃ

এ হত্যাকাণ্ডের ঘটনায় মেহেরপুর জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।

ওই মামলার ১০ আসামী ওবায়দুর রহমান কমল আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করলে জিজ্ঞাসাবাদের জন্য রাষ্ট্রপক্ষ তাকে সাত দিনের রিমান্ড আবেদন করে। বিজ্ঞ আদালত এক দিনের রিমান্ড মঞ্জুর করে জেল গেটে জিজ্ঞাসাবাদের জন্য নির্দেশ দেন। একই সাথে আসামীর জামিন আবেদন নাকোচ করে তাকে মেহেরপুর জেল হাজতে প্রেরণের আদেশ দেন।

রাষ্ট্রপক্ষের জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) ছিলেন এ এস এম সাইদুর রাজ্জাক টোটন।

উল্লেখ্য, ঘটনার দিন চলতি বছরের ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখ বিকেলে মামলার এজহার নামীয় প্রধান আসামী রামনগর গ্রামের আজাদ আলীর ছেলে জান্নাত ও মামলার ছয় নম্বর এজাহার নামীয় আসামী সাইদুর রহমান মিলন মেম্বারকে গ্রেফতার করে জেলহাজতে পাঠিয়েছে পুলিশ।